

22204 - গাড়ী এক্সিডেন্টের কারণে যে ব্যক্তি হুশ হারিয়ে ফেলেছিল সে কি রমযানের ছুটে যাওয়া রোযাগুলোর কাযা পালন করবে?

প্রশ্ন

জনৈক ব্যক্তি গাড়ী এক্সিডেন্টের শিকার হয়ে মৃতপ্রায় হয়ে গিয়েছিলেন। তিনি দীর্ঘদিন বেহুশ অবস্থায় ছিলেন; এর মধ্যে পবিত্র রমযান মাসও পড়ে ছিল। তিনি কোন কিছুই জানতেন না। বহুদিন পর করুণাময় মহিয়ান স্রষ্টা তাকে আরোগ্য করেছেন। তিনি পরিপূর্ণ সুস্থ হয়েছেন। এমতাবস্থায় কোন রোযা ও নামায কাযা পালন করা কি তার উপর আবশ্যিকীয়?

প্রিয় উত্তর

যদি বাস্তবে এমনই হয়ে থাকে যেমনটি আপনি উল্লেখ করেছেন যে, এক্সিডেন্টের কারণে সেই ব্যক্তির হুশ ছিল না দীর্ঘদিন; এর মধ্যে রমযান মাসও পড়েছিল; এ ব্যাপারে আলেমদের দুটো অভিমতের মধ্যে সর্বাধিক শুদ্ধ মতানুযায়ী বেহুশ থাকার দিনগুলোর রোযা ও নামায কাযা পালন করা তার উপর আবশ্যিকীয় নয়। যেহেতু সেই সময়কালে সেই ব্যক্তি শরয়ি ভারপ্রাপ্ত ছিল না।

আল্লাহই তাওফিকদাতা, আমাদের নবী মুহাম্মদ, তাঁর পরিবার-পরিজন ও সাহাবীবর্গের প্রতি আল্লাহর রহমত ও শান্তি বর্ষিত হোক।